



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ৩ মে ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালার নাড়াইছড়ি বাজার পুড়িয়ে দেয়ার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা দপ্তর থেকে আজ ৩ মে শনিবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে জেএসএস সন্ত্রাস গ্রুপ কর্তৃক খাগড়াছড়ির দীঘিনালা উপজেলার দুর্গম নাড়াইছড়ি বাজার পুড়িয়ে দেয়ার ঘটনার নিন্দা ও প্রতিবাদ জানানো হয়েছে।

বিবৃতিতে এলাকাবাসীর বরাত দিয়ে বলা হয়, শনিবার দুপুর পৌনে ১২টার দিকে জেএসএস(সন্ত্রাস)-এর স্থানীয় মিলিশিয়া বাহিনীর একদল সদস্য নাড়াইছড়ি বাজারে এসে বাজারে অবস্থানকারী দোকানদারদের জোর করে তাড়িয়ে দেয়ার চেষ্টা করে। এতে বাক-বিতণ্ডার এক পর্যায়ে দুর্বৃত্তরা দোকানঘরে আগুন লাগিয়ে দিয়ে পালিয়ে যায়। এতে বাজারের প্রায় সবক'টি দোকান পুড়ে ছাই হয়ে গেছে বলে জানা গেছে। তবে কি পরিমাণ ক্ষয়-ক্ষতি হয়েছে তাৎক্ষণিকভাবে তা জানা সম্ভব হয়নি।

বিবৃতিতে উল্লেখ করে বলা হয়, গত ২৪ নভেম্বর সন্ত্রাস গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীরা নাড়াইছড়ি বাজারের দোকানদার ও স্থানীয় মুক্কাবী মাচা চাকমাকে একটি জরুরী চিঠি দিয়ে নাড়াইছড়ি বাজারের দোকানদার ও সংলগ্ন গ্রামবাসীদের এলাকা ছেড়ে অন্যত্র চলে যাওয়ার নির্দেশ জারি করে। অন্যথায় পরবর্তীতে যথাযথ পদক্ষেপ গ্রহণেরও তারা হুমকি দেয়। তাদের নির্দেশ মত নাড়াইছড়ি বাজারের অনেক দোকানদার ভয়ে অন্যত্র চলে গেলেও কয়েকজন বাজারে অবস্থান করে। এতে করে ক্ষিপ্ত হয়ে সন্ত্রাসীরা নাড়াইছড়ি বাজারে আগুন লাগিয়ে দিয়ে ক্ষতিসাধন করেছে।

বিবৃতিতে সন্ত্রাস গ্রুপের সন্ত্রাসীদের বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ গ্রহণের জোর দাবি জানানো হয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ